হাসতে হাসতে বানান

পবিত্র সরকার

শিশু সাহিত্য সংসদ

ISBN 81-85626-49-9
মূল্য : টাকা ১৮.০০ মাত্র

হাসতে-হাসতে বানান

হাসতে-হাসতে বানান

[৫ম থেকে ৮ম শ্রেণীর ছাত্র-ছাত্রীদের জন্য]

পবিত্র সরকার

শিশু সাহিত্য সংসদ

Haaste-Haaste Baanaan
(Rules of Bengali Spelling in rhymes)

ISBN : 81-85626-49-9
by: Pabitra Sarkar

প্রথম প্রকাশ : জানুয়ারি ১৯৮৮
পরিবর্ধিত সংসদ সংস্করণ : জানুয়ারি ১৯৯১
পঞ্চম মুদ্রণ : মার্চ ১৯৯৮
প্রচ্ছদ : প্রণবেশ মাইতি
অলঙ্করণ : অলয় ঘোষাল

শিশু সাহিত্য সংসদ প্রাইভেট লিঃ কলিকাতা

প্রকাশক
দেবজ্যোতি দত্ত
শিশু সাহিত্য সংসদ প্রা লি
৩২এ আচার্য প্রফুল্লচন্দ্র রোড
কলকাতা ৭০০ ০০৯

মুদ্রক
নটরাজ অফসেট
১৭৯এ/১বি মানিকতলা মেন রোড
কলকাতা ৭০০ ০৫৪

উৎসর্গ

নীরেন্দ্রনাথ চক্রবর্তী
শঙ্খ ঘোষ

শ্রদ্ধাস্পদযুগলেষু

ভূমিকা

১৯৮৮-র ১ জানুআরি বইটির প্রথম সংস্করণ বেরিয়েছিল অন্য একটি সংস্থা থেকে। সে সংস্করণ অনেকেরই ভালো লেগেছিল এবং দ্রুত শেষ হয়ে যায়।

এবার 'শিশু সাহিত্য সংসদ' বইটি প্রকাশের দায়িত্ব নিয়েছেন। এরকম বইয়ের যোগ্যতম প্রকাশক তাঁরা, তাই আশা করি বইটির পরিবেশনার সৌষ্ঠব এটিকে অন্যদিক থেকেও গ্রহণীয় করে তুলবে।

এবার নতুন ছড়া জুড়েছি কয়েকটি, পুরোনো ছড়ার সঙ্গে কখনও নতুন পঙ্‌ক্তি জুড়েছি, কখনও অন্য ধরনের অস্ত্রোপচার করেছি। তাতে বইটিতে আরও সম্পূর্ণতা এসেছে বলে আমার বিশ্বাস।

আবার কৃতজ্ঞতা জানাই শঙ্খ ঘোষ, সুবীর রায়চৌধুরী, অশোক মুখোপাধ্যায়, শিশিরকুমার দাশ, মালিনী ভট্টাচার্যকে—যাঁরা নানাভাবে বইটির রচনায় উৎসাহ দিয়েছিলেন। কবিবন্ধু প্রণবকুমার মুখোপাধ্যায় কয়েকটি মূল্যবান পরামর্শ দিয়েছেন, স্নেহভাজন অধ্যাপক অঞ্জন বন্দ্যোপাধ্যায় মুদ্রণের কিছু ত্রুটি দেখিয়ে দিয়েছেন, তাঁদের সকৃতজ্ঞ শুভকামনা জানাই। ধন্যবাদ দিই সেইসব পাঠক-পাঠিকাকে যাঁরা স্বতঃপ্রবৃত্ত হয়ে চিঠি লিখে এই পদ্যকারকে বহুমূল্য উৎসাহ দিয়েছিলেন।

ছন্দপাঠে সহায়তার জন্য কোথাও কোথাও সঙ্কেত দিয়েছি। সরল কলাবৃত্ত ছন্দ ও বাংলার উচ্চারণের সম্পর্ক বিষয়ে অবহিত না থাকলে কখনও কখনও একটু সতর্কভাবে এ ছন্দ পড়তে হবে।

রবীন্দ্র-ভারতী বিশ্ববিদ্যালয় **পবিত্র সরকার**

সূচি

কোথায় কোথায় আ-কার হবে

১

চালাক যারা **অদ্যাপি**-তে আ-কারটি ঠিক লাগায়,
কিন্তু তারাই **যদ্যপি**-তে পিটিয়ে তাকে ভাগায়।
অধ্যবসায় অত্যধিক-এ ভুল কোরো না আ-কার লিখে,
অনটন-এ আকার বসায় কেবল হতভাগায়।

আকার সে কি বস্তু এত সস্তার ?
র-এ আ-কার নেই তো **দুরদৃষ্ট দুরবস্থা**-র।
ব্যাকরণ-এ ক-এর সাথে, **অত্যন্ত**-র য-ফলাতে
আ-কার দিলে মারবে লোকে মধ্যে পুরে বস্তার।

আ-কার নেই	*আ-কার আছে*
অত্যধিক	**অদ্যাপি**
অত্যন্ত	**অদ্যাবধি**
অধ্যবসায়	
অনটন	
দুরদৃষ্ট	
দুরবস্থা	
যদ্যপি	



দুরবস্থা

কোথায় কোথায় আ-কার হবে

২

মূলত য-ফলার সঙ্গে

ব্যাকুল ব্যারাম ব্যাপ্ত ব্যাপার ব্যাঘ্রে ব্যাধে ব্যাসার্ধে
ব্যাঘাত যদি না চাস, তবে য-ফলাতে আ-কার দে।
নইলে **ব্যাধি ব্যাপক** হবে, **ব্যাকরণের** দম ফুরোবে,
ন্যায্য ন্যায়ে ব্যাস ব্যায়ামে ত্যাজ্য-তেও আ-কার হয়,
ব্যাখ্যা ব্যাজে আ-কার, আ-কার **ব্যাহত** আর **ব্যাপৃত**-য়।

গোড়াকার য-ফলায় আ-কার

ত্যাজ্য	ব্যাকরণ	ব্যাধ	ব্যায়াম
ন্যায়	ব্যাকুল	ব্যাধি	ব্যারাম
ন্যায্য	ব্যাখ্যা	ব্যাপক	ব্যাস
ন্যাস	ব্যাঘাত	ব্যাপার	ব্যাসার্ধ
	ব্যাঘ্র	ব্যাপৃত	ব্যাহত
	ব্যাজ = দেরি, ছদ্ম	ব্যাপ্ত	



ব্যাঘ্র ও ব্যাধ

আ-কার কোথায় হবে না

য-ফলার সঙ্গে

য-ফলাতে আ-কার কোথায় হচ্ছে না সে, মশায় ?
ব্যঙ্গ ব্যথা ব্যয় ব্যবস্থা ন্যস্ত এবং **ত্যক্ত**
ব্যস্ত ব্যতীত্ ব্যতিক্রম আর **ব্যক্তি** এবং **ব্যক্ত** ।
ব্যঞ্জন-এ আর **ব্যত্যয়ে** তো মূর্খে আ-কার বসায় ।

ব্যবহার-এ, **ব্যবচ্ছেদ**-এ, লিখলে আ-কার মরবে কেঁদে,
আ-কার ছাড়াই হয় **ব্যবধান ব্যসন অধ্যবসায়** ।


য-ফলায় আ-কার দিয়ো না

অধ্যবসায়
অধ্যয়ন [কিন্তু অধ্যাপক, অধ্যাপনা]

ত্যক্ত
ন্যক্কার
ন্যগ্রোধ [=বটগাছ]
ব্যক্ত
ব্যক্তি
ব্যগ্র
ব্যঙ্গ
ব্যঞ্জন

ব্যতিক্রম
ব্যত্যয়
ব্যথা
ব্যবচ্ছেদ
ব্যবধান
ব্যবসায়
ব্যবস্থা
ব্যবহার

ব্যসন
ব্যস্ত



ব্যঞ্জন

হ্রস্ব-ই-কার

১

ি

চেনা শব্দে হ্রস্ব ই-কার

বাড়ি গাড়ি শাড়ি হাঁড়ি
বেচারি কেরানি দাড়ি
হাতি বাতি পাখি,
বাঙালি জাপানি দামি
ফরিয়াদি কী আসামি[১]
বোকামি চালাকি ;
আশি বাঁশি পিসি মাসি
বেকারি চাকুরি ফাঁসি
মাটি খাঁটি রাজি বাজি
বেশি খুশি কাজি গাজি
নতুন নিয়মে—
হ্রস্ব ই-কার দিলে
ঝঞ্ঝাট কমে।

দেখে রাখো

ইংরেজি	**পাঞ্জাবি**
গুজরাটি	**ফরাসি**
জার্মানি	**মাদ্রাজি**
নেপালি	**মারাঠি**

র-এ হ্রস্ব ই-কার
শেষে বাছা, কই দিতে
জরুরি সে সরকারি
তরকারি তৈরি-তে।

আরও দেখে নাও

আমদানি-রপ্তানি	কাগজি
উলকি	কারিগরি
কালি (লেখার)	শরবতি
কাশি (খক্-খক্)	দো-ফসলি
গালি	কেরামতি
চাকুরি	আহাম্মকি
জাহাজি	চালিয়াতি
ঝুলি	মেজাজি
দাবি	**দরকারি**
দেয়ালি	
খেয়ালি	
চৈতালি	
বেসাতি	
সোনালি	

রানি লিখলে কোনো ভুল হয় না।

১· এখানে আসামি মানে 'অভিযুক্ত'। আসাম প্রদেশের অধিবাসীদের 'অসমিয়া' বলবে। যেমন ওড়িশার অধিবাসীদের 'ওড়িয়া' বলবে, 'উড়িয়া' বলবে না বা লিখবে না।

হ্রস্ব ই-কার

২

ি

এই ক-টি শব্দেও হ্রস্ব ই-কার হবে ;
তা না দিলে টিচারের মুখখানা ভার হবে ।
আশিস্ মুরারি তুলি অঞ্জলি ব্রজবুলি
সারথি ও দাশরথি, প্রতিমা ও রবি-তে
মুনি পাণি মণি হানি সলিল[1] সুরভি[2]-তে
অশনি বিরতি দধি, দুন্দুভি কী ওষধি—
দীর্ঘ ঈ-কার দিলে ভারি লজ্জার হবে ।
ধন্বন্তরি হরি ত্রিপুরারি বিমানে
দীর্ঘ ঈ-কারে লোক-হাসানোর কী মানে ?
প্রণতি-তে দীর্ঘ ঈ বোকামির সার হবে ।।



হ্রস্ব ই-কার	*দীর্ঘ ঈ-কার*	
আশিস্	আশীর্বাদ	**দেবাশিস্** ঠিক
সারথি, দাশরথি	রথী	দেবাশীষ ভুল ।
অঞ্জলি		অঞ্জলি-তে
গীতাঞ্জলি		গীতাঞ্জলি-তে
		খবরদার ল-এ দীর্ঘ
রবি	রবীন্দ্রনাথ	ঈ-কার দেবে না ।

১· সলিল=জল ; সলীল=লীলাযুক্ত ।
২· সুরভি, সুরভী দুইই-হয় । প্রথমটাই লিখো ।

হ্রস্ব ই-কার

৩

ইত ইক ইতা ইকা ইমা
কথাটার শেষ যদি থাকে
ই-কার সে হবে হ্রস্ব ই—
সেয়ানারা যেন মনে রাখে।

-ইত ওয়ালা শব্দ

অতর্কিত	কর্তিত	গঠিত	দণ্ডিত	মিলিত
অনুরণিত	কল্পিত	গর্বিত	ধ্বনিত	মিশ্রিত
অভাবিত	কর্ষিত	চলিত	নন্দিত	লক্ষিত
আকর্ষিত	কীর্তিত	ছন্দিত	পঠিত	স্তম্ভিত
আতঙ্কিত	খণ্ডিত	জাগরিত	বিতর্কিত	স্থগিত
আশঙ্কিত		তাড়িত	বিস্মিত	



বিস্মিত

-ইত উচ্চারণে কিন্তু বানানে

হ্রস্ব ই-কার নয়

লিখে নাও কিছু ব্যতিক্রম ;
মনে রেখো, যেন না হয় ভ্রম।
ক্রীত বিক্রীত অমৃত বিকৃত[1]
গৃহীত আনীত ভীত বিস্মৃত
হ্রস্ব ই-কার দিলে ভুল হবে,
বেশি নয় তারা সংখ্যা কম।

১· ছন্দ এভাবে পড়ো—

ক্রীত বিক্-ক্রীত অ-মৃত বি-কৃত
গৃহীত আনীত ভীত বিস্-সৃঁত

-ইক ওয়ালা শব্দ

আকস্মিক	করণিক	নাবিক
আঙ্গিক	কাব্যিক	নাগরিক
আত্মিক	কার্তিক	পারমাণবিক
আধ্যাত্মিক	ক্ষণিক	পার্শ্বিক
আন্তরিক	জাগতিক	বার্ষিক
আন্ত্রিক	তার্কিক	মানবিক
আপেক্ষিক	দানবিক	রাবীন্দ্রিক
আর্থিক	দাম্ভিক	সামাজিক
আস্তিক	দৈহিক	সার্বিক
আহ্নিক		
ঐকিক		

-ইক-এ ব্যতিক্রম

এই ক-টি শব্দেতে
দীর্ঘ ঈ-কার দিয়ো ঠিক—
অনীক অভীক আর
শমীক নির্ভীক[1] ।

-ইতা ওয়ালা শব্দ

ছন্দিতা
দয়িতা
দুহিতা
নন্দিতা
নমিতা
পরিচিতা
সঞ্চিতা
সঞ্চয়িতা

-ইকাওয়ালা শব্দ

অম্বিকা
কালিকা (কিন্তু **কালী**)
চণ্ডিকা (কিন্তু **চণ্ডী**)
নায়িকা
পাঠিকা
পালিকা
রসিকা

অধ্যাপিকা
নাগরিকা
নীহারিকা
সাগরিকা
সাহসিকা

-ইমা ওয়ালা শব্দ

অণিমা
গরিমা
জড়িমা
তনিমা
নীলিমা
মহিমা
লঘিমা
লালিমা

১· নির্ভীক-এ ভ-এ দীর্ঘ ঈ-কার । দন্ত্য ন-তে হ্রস্ব ই-কার ।

হ্রস্ব ই-কার

৪

তি হবে, -তী নয়

দীর্ঘ ঈ-কার শব্দের শেষে ত-এ
ভুলেও দিয়ো না, যেখানে হ্রস্ব হবে ;
এই ক-টি কথা দেখে নাও রয়ে সয়ে
কানমলা থেকে **নিষ্কৃতি** পাবে তবে।

প্রকৃতি সুকৃতি আকৃতি বিকৃতি
ইতি ও প্রণতি, স্মৃতি ও প্রভৃতি
পতি দম্পতি ক্ষতি পরিণতি
মতি সম্মতি বিবৃতি মিনতি
আরতি বিরতি বিদ্যাপতি-তে
ত-এ দীর্ঘ ঈ দিলে,
কানমলা খাবে, পৃষ্ঠ জুড়াবে
প্রচণ্ড চড়-কিলে।



আরতি

আকৃতি	প্রণতি	মতি
প্রকৃতি	প্রভৃতি	সম্মতি
বিকৃতি	বিবৃতি	দম্পতি
সুকৃতি	**মিনতি**	
দুষ্কৃতি		**আরতি**
নিষ্কৃতি		বিরতি
	বিদ্যাপতি	প্রসূতি

কিন্তু মনে রেখো

সুকৃতি=ভালো কাজ
দুষ্কৃতি=খারাপ কাজ
আর
সুকৃতী=খুব সফল মানুষ
দুষ্কৃতী=কুকর্মকারী

হ্রস্ব ই-কার

৫

-ইন্ = ী ; -ইন্ + □ = ি

সংস্কৃতে ছিল শব্দের শেষে -'ইন্',
বাংলা বেচারা শোধ করে তার ঋণ।
এমনিতে তিনি দীর্ঘ ঈ-কার
তবে প্রয়োজন ছোট্ট টীকার—
তারপরে যদি কিছু দাও জুড়ে,
হ্রস্ব ই-কার আসে ফের ঘুরে।
শিখে নিয়ে সেটা হর্ষে কাটাও দিন ॥

-ইন্ওয়ালা একলা শব্দে -ইন হয় দীর্ঘ ঈ-কার	*তার সঙ্গে কিছু জুড়লে -ইন হয় হ্রস্ব ই-কার*
একাকিন্ → একাকী	একাকিত্ব
গুণিন্ → গুণী	গুণিগণ
দূরদর্শিন → দূরদর্শী	দূরদর্শিতা
ফণিন্ → ফণী	ফণিভূষণ
বৈরিন্ → বৈরী	বৈরিতা
মন্ত্রিন্ → মন্ত্রী	মন্ত্রিত্ব
শশিন্ → শশী	শশিভূষণ
স্থায়িন্ → স্থায়ী	স্থায়িত্ব

এই বানানগুলোকে খুব খেয়াল রেখো—

উপকারিন্ → উপকারী	***উপকারিতা***
প্রতিদ্বন্দ্বিন্ → প্রতিদ্বন্দ্বী	***প্রতিদ্বন্দ্বিতা***
প্রতিযোগিন্ → প্রতিযোগী	***প্রতিযোগিতা***
সহকারিন্ → সহকারী	***সহকারিতা***

হ্রস্ব ই-কার

৬

দুটি পর পর হ্রস্ব ই-কার

নিবিড় নিশি তিমির তিথি, অতিথি কোন্ **সিদ্ধি** চায় ?
বিচিত্র তার **শিবিকা** ওই, **শিবির** পাতে **গিরি**-র গায় ।
শিশির পড়ে, তাই **মিহিরের বিকিরণ** কি **বিঘ্নিত** ?
বিদিশাতে ভিত্তি নড়ে, **চিকিৎসা** চাই **শিঘ্রি** তো ।
দিগ্বিজয়ের বিবিধ স্বপ্নে **নিশ্চিত নিবিষ্ট** যে,
বিক্ষিপ্ত, বিস্মিত, আর **বিধি**-তে **বিদ্বিষ্ট** সে ।
শিবি না ও **সিতিকণ্ঠ** ? **অদিতি** কি **চিন্তিত** ?
দিতির সঙ্গে **মিলিত** সে হয়নি সারা **দিনটি** তো !
নিহিত কোন্ ইচ্ছা থেকে **বিহিত** সব করেন কাজ,
গুণের **নিধি পাণিনি** তাই **ত্রিদিব**বাসী হলেন আজ ।
বিশিষ্ট ওই **জ্যোতিরিন্দ্র তিতিক্ষাতে নির্নিমেষ** ।
ডবল-ডবল হ্রস্ব ই-কার ঢের হয়েছে, লিস্টি শেষ ।


তিথি	নিশ্চিত	বিকিরণ	
দিতি	নিবিড়	(কিন্তু **বিকীর্ণ**)	অদিতি
নিশি	নিহিত	দিগ্বিজয়	পাণিনি
বিধি	বিচিত্র	ত্রিদিব	পরিচিত
শিবি	বিক্ষিপ্ত	নির্নিমেষ	পরিহিত
	বিদিশা	চিকিৎসা	
তিতিক্ষা	বিস্মিত	(কিন্তু **চিকীর্ষা**)	
তিমির	বিশিষ্ট		
	বিহিত		
	মিহির		

দীর্ঘ ঈ-কার

১

সুধী-তে হয় দীর্ঘ ঈ-কার
নাছোড়বান্দা, ছাড়েন না,
হ্রস্ব ই-কার কক্ষনো তার
জায়গা এসে কাড়েন না।
নেমন্তন্নের চিঠিতেও
হ্রস্ব ই-কার ভুল হবে,
'সখী'-তে যে হ্রস্ব ই-কার
লাগায়, সেও fool হবে।

সুধী-তে কক্ষনো হ্রস্ব ই-কার দেবে না। এমন-কী সম্বোধনেও না। **সখী**-তেও না। **শ্রীমতী**-র ত-এও না।



দীর্ঘ ঈ-কার

ী

২

সতী ও শ্রীমতী, ব্রততী, দলীয়
দীর্ঘ ঈ-কার অবশ্য দিয়ো ।
কৃতি মানে'কাজ', **কৃতী** সে 'সফল'—
এই কথা বাছা স্মরণ রাখিয়ো ।
বিশেষণে শেষে যদি থাকে -'ইয়'
দীর্ঘ ঈ-কার সেখানে বসিয়ো ।

বিশেষণের শেষে -ঈয়

জাতীয়	দানবীয়	স্মরণীয়
দলীয়	ভারতীয়	স্বদেশীয়
বঙ্গীয়	মাননীয়	
বর্গীয়	মানবীয়	
রাষ্ট্রীয়	রমণীয়	
স্বর্গীয়		



স্বদেশীয়

দীর্ঘ ঈ-কার

৩

সবাই জানে, বানান লেখায় একটু যারা বিজ্ঞ,
কালিদাসে হ্রস্ব ই-কার, চণ্ডীদাসে দীর্ঘ ।[1]
কালীপদ-য় দীর্ঘ ঈ-কার আবার দেখায় আস্য[2]—
এসব বানান ভুল করা তো নেহাত অবিশ্বাস্য ।

৪

-ঈনওয়ালা শব্দ

আরো এক **-ঈন**
আছে দীর্ঘ ঈ দিয়ে
-ইনের সঙ্গে এই বাবুটিকে
ফেলো না মিশিয়ে ।

করো এইটুকু কষ্ট স্বীকার—
এর বেলা লেখো দীর্ঘ ঈ-কার
দন্ত্য ন-কেও ধরে রেখে দিয়ো,
দিয়ো না ভাসিয়ে ।

এসব শব্দে -ঈন আছে

কুলীন	নবীন	সর্বজনীন
গ্রামীণ	প্রাচীন	অভ্যন্তরীণ
অর্বাচীন	প্রবীণ	

[গ্রামীণ, প্রবীণ, অভ্যন্তরীণ-এ কেন মূর্ধন্য ণ হল, পরে দেখে নাও]

১· চণ্ডীদাস হ্রস্ব ই-কারেও পাওয়া যায় । কিন্তু সমতার খাতিরে দীর্ঘ ঈ-কার দিয়ে লিখবে ।

২· 'আস্য' মানে 'মুখ' ।

আগে হ্রস্ব ই-কার, পরে দীর্ঘ ঈ-কার

ি ী

হ্রস্ব ই-কার, দীর্ঘ ঈ-কার
আগে-পরে হবে লিখিতে—
পৃথিবী বিলীন, মেদিনী বিহীন
গৃহিণী সিংহী, শিখী-তে।
নিশীথ বাহিনী কিরীট কাহিনী
নলিনী দামিনী আর **প্রবাহিণী**
উপচিকীর্ষা, জিগীষা, বিনীত
ধরিত্রী, বার্ষিকী বিক্রীত[1]
নিষ্ঠীবন কী **নিপীড়ন**, আর
নিমীলন, পরিকীর্ণ,
কালিন্দী, নির্জীব নির্বীজ[2]
বিদীর্ণ ও **বিশীর্ণ**—
লিখে রাখো এই তালিকায়।



মেদিনী, পৃথিবী

নিরীক্ষা আর **জ্যোতিষী, শিরীষ**
হ্রস্ব দীর্ঘ ই-কারে ঘিরিস—
যারা ভুল করে, তারা দুবেলাতে
উঠতে-বসতে গালি খায়।



জ্যোতিষী

১· পড়ো : ধরিত্রী বার্। ষিকী বিক্-কৃত
২· পড়ো : কালিন্দী নির্। জীব্ নির্বীজ

এবং

-ইনী দিয়ে যদি স্ত্রীলিঙ্গ হয়—
হ্রস্ব ই-কার দীর্ঘ ঈ-কার
আগে-পরে দিতে করিয়ো না ভয়।

-ইনীওয়ালা শব্দ

কিরীট	কালিন্দী	গৃহিণী	
জিগীষা	***পৃথিবী***	কামিনী	
নিরীক্ষা	উপচিকীর্ষা	***কাহিনী****	
নির্জীব	জ্যোতিষী	দামিনী	
নির্বীজ		বাহিনী	
নিশীথ		গামিনী	
বিদীর্ণ		নন্দিনী	
বিনীত		নলিনী	
বিলীন		বন্দিনী	
বিশীর্ণ		বিদ্যাদায়িনী	
বিহীন		***মেদিনী***	তপস্বিনী
নিপীড়ন		শস্যশালিনী	তারিণী
নিমীলন		সঙ্গিনী	ভাষিণী
নিষ্ঠীবন		অক্ষৌহিণী	প্রবাহিণী
শিখী (=ময়ূর)		অর্ধাঙ্গিনী	মোহিনী
সিংহী		অশ্বিনী	শোভিনী
শিরীষ		উদাসিনী	সঙ্গিনী
		উন্মাদিনী	

**'কাহিনী' তৎসম শব্দ নয়, তা 'কাহিনি' হতে পারত। তবে এমনই বানান প্রচলিত।*

এটা শিখে রাখো : অনীক-এর স্ত্রীলিঙ্গ অনীকিনী ী-ি-ী

আগে দীর্ঘ ঈ-কার, পরে হ্রস্ব ই-কার

ী ি

আগে পিছে বসে দীর্ঘ হ্রস্ব
ই-কারের এই তালিকা পশ্য ।
রীতি নীতি ***প্রীতি***, **ভীতি গীতি বীথি,**
শারীরিক সঞ্জীবিত প্রতীতি,[1]
সীমিত, কীর্তি, অশীতি, ***জীবিকা***,
জীবিত, পীড়িত, বীচি, মরীচিকা [বীচি=ঢেউ]
অভীপ্সিত ও **ঈপ্সিত** দেখো,
ঈষিতা, শীলিত মানে বুঝে লেখো ।

আরো কথা আছে সূক্ষ্ম ও মিহি—
কনীনিকা পীঠিকা বহুব্রীহি[2]
বীতিহোত্র যে সূর্য কে জানে ?
দ্যাখো **দীর্ঘিকা দীপিকার** মানে ।
বীথিকা, গীতিকা, কী **পরীক্ষিত**
দীপ্তি, দীপিত, কিবা **দীক্ষিত,**
উদ্দীপিত-তে, বা **অতীন্দ্রিয়**
দীর্ঘ-হ্রস্ব ক্রমশ বসিয়ো ।
এই লিস্টিতে শেষকালে লিখি—
দধীচি, ***নীলিমা***, আর ***বাল্মীকি*** ।



বাল্মীকি

১· ছন্দ পড়ো—শারীরিক সন/জীবিত প্রতীতি
২· কনীনিকা পীঠি/কা বহুব্রীহি

দীর্ঘ ঈ-কার হ্রস্ব ই-কার

কীর্তি	গীতিকা	অশীতি
গীতি	***জীবিকা***	***দধীচি***
দীপ্তি	জীবিত	***বাল্মীকি***
নীতি	দীক্ষিত	
প্রীতি	দীর্ঘিকা	***অতীন্দ্রিয়***
বীচি	দীপিকা	অভীপ্সিত (কিন্তু অভিহিত)
বীথি	দীপিত	উদ্দীপিত
ভীতি	নীলিমা	
রীতি	পীঠিকা	কনীনিকা
	পীড়িত	পরীক্ষিত (কিন্তু পরিহিত, পরিচিত)
	বীথিকা	***মরীচিকা***
	সীমিত	
	বীতিহোত্র	

দুটো অন্যরকম : ঈষিত   ঈপ্সিত



মরীচিকা


ি ী ি

তিনজন :

হ্রস্ব ই-কার, দীর্ঘ ঈ-কার, শেষে আবার হ্রস্ব ই-কার

নিপীড়িত, নিমীলিত,
জিজীবিষা, পিপীলিকা—
তুচ্ছ এ বানানেতে
কারা দেখে **বিভীষিকা** ?
ই-কার বসাতে বাপু
সূত্রটা শিখে রাখো—
হ্রস্ব, দীর্ঘ, ফের
হ্রস্ব—তা লিখে রাখো ।

জিজীবিষা
নিপীড়িত
নিমীলিত
পিপীলিকা
বিভীষিকা



বিভীষিকা

মনে রেখো : অনীকিনী-তে দীর্ঘ ঈ-কার, হ্রস্ব ই-কার, দীর্ঘ ঈ-কার ।

দীর্ঘ ঈ-কার : গোড়ায়, মাঝখানে

নীরব নীরস নীর, দীন[1] দীপ চীর[2] ক্ষীর,
দীক্ষা, পরীক্ষা কী সংগীত, গম্ভীর,
সমীহ, সমীক্ষা ও তীব্র ও কীর্তন
হীন ক্ষীণ গীত প্রীত, বীভৎস সমীরণ—
এই সব বানানে তো হবে দীর্ঘ ঈ-কার,
সীমা বীমা উদাসীনে শোনো হৈ হৈ তার।

ক্ষীণ	তীব্র	কীর্তন	গম্ভীর	উদাসীন
ক্ষীর	দীক্ষা	***বীভৎস***	***পরীক্ষা***	
গীত	দীন		সংগীত	
চীর	দীপ		সমীক্ষা	
ভীত	নীর		***সমীপ***	
	নীরব		সমীর	
	নীরস		সমীরণ	
	প্রীত		সমীহ	
	বীমা (কিন্তু **বিমান**)			
	সীমা			
	হীন			

১· দীন=দরিদ্র ; দিন=দিবস
২· চীর=ছেঁড়া কাপড়, ন্যাকড়া ; চির=নিত্য, অনন্ত

দুটো দীর্ঘ ঈ-কার পর পর

বুদ্ধি, কৃষি, শ্রম-এর পরে লিখতে হলে -**জীবী**[1],
শোন্‌রে বাছা, পষ্ট দুটো দীর্ঘ ঈ-কার দিবি ।
এমনি দুখান দীর্ঘ ঈ-কার যে-সব কথায় আছে
আরেক ছন্দে লিস্টি করে দিলুম হাতের কাছে ।

প্রতীচী ও **সমীচীন**, ***প্রতীকী*** ও **বীথী**
শরীরী, ***মনীষী*** আর **উদীচী অধীতী**[2],
মহীয়সী, **গরীয়সী**—দুটি দীর্ঘ-ঈ
গাণ্ডীবী কিরীটীতে শেষে ঠিক ওই ।
ভাগীরথী মনে রেখো, আর **হরীতকী**,
নইলে কপালে লেখা বহু বকাবকি ।

লিস্টি

মনীষী (দন্ত্য-নও লিখবে)	ভাগীরথী	***বুদ্ধিজীবী***
শরীরী	হরীতকী	***কৃষিজীবী***
উদীচী	গরীয়সী	***শ্রমজীবী***
প্রতীচী	পটীয়সী	
প্রতীকী	মহীয়সী	

১· ঠিক বানান **বুদ্ধিজীবী**, **কৃষিজীবী**, **শ্রমজীবী** ।
কিন্তু জীবিকা-তে আগে দীর্ঘ ঈ-কার, পরে হ্রস্ব ই-কার ।
২· প্রতীচী=পুব দিক, পৃথিবীর পূর্ব ভাগ
বীথী=এক ধরনের সংস্কৃত নাটক*
উদীচী=উত্তর দিক
অধীতী=যে অধ্যয়ন করে, পড়ুয়া ।

* বীথি বানানটিও প্রচলিত (অর্থ=পথ, সরণি)

গোড়ায় হ্রস্ব উ-কার

'ভুল' বানানে ভুল কোরো না
হ্রস্ব উ-কার দাও রে সোনা,
কুল কুলীনে হ্রস্ব উ-কার
স্মরণ রেখো তবে।
ভুজ ভুবনে, দুর্গতি-তে
দুরাত্মা, আর **দুর্মতি**-তে
দুর্গা, এবং **দুর্গতে**ও
হ্রস্ব উ-কার হবে।
পুণ্য ও পুর, মুখ্য মুষল
পুঞ্জ ও পুট, ভুক্ত কুশল—
এদের গোড়ায় হ্রস্ব উ-কার
থাকুন সগৌরবে।
অদ্ভুত-এ যে মাঝখানে সে
ভোলা কি সম্ভব এ ?



ভুক্ত হ্রস্ব উ-কার, কিন্তু 'ভূত' দীর্ঘ উ-কার :
যেমন, অন্তর্ভুক্ত—অন্তর্ভূত
অভুক্ত—অভূত

লিস্টি

ভুল
কুল, কুলীন
ভুজ, ত্রিভুজ, দশভুজা
পুণ্য (কিন্তু পূর্ণ)
মুখ্য (কিন্তু মূর্খ)
ভুক্ত

দুরাত্মা
দুর্নীতি
দুর্গতি
দুর্গা (কিন্তু দূর্বা)
ভুবন
অদ্ভুত (কিন্তু **কিম্ভূত**)।
দুটোর কোনোটাতেই শেষে
খণ্ড-ৎ দিয়ো না।

গোড়ায় দীর্ঘ ঊ

ঊর্ধ্ব ঊরু ঊর্ণনাভ ঊর্মি ঊষর ঊহ্য[১],
দীর্ঘ ঊ-টি গোড়ায় বসেন, অগ্রে তিনি পূজ্য ।

ঊরু	ঊর্ধ্ব	ঊহ্য
ঊর্মি	ঊষর	

হ্রস্ব উ-কার দীর্ঘ ঊ-কারের আরো গোলমাল

দূর্বা দূর-এ দীর্ঘ ঊ-কার, **দুর্গাতে** তা হ্রস্ব,
দুরাত্মা দুর্ভিক্ষে দেবে হ্রস্ব-উ অবশ্য ।
ভূত ভূগোলে দীর্ঘ ঊ দাও, আদর যদি চাও হে,
ভুজ ভুবনে ভুক্ত ভুলে হ্রস্ব উ-কার দাও হে ।
অদ্ভুতে দাও হ্রস্ব উ-কার, **কিম্ভূতে** দাও দীর্ঘ—
অভূতে অন্-তর্ভূতে[২]ও উনিই করেন ভিড় গো ।
হ্রস্ব উ-কার জুড়বে বাছা **পুঞ্জ পুট** আর **পুণ্যে**,
দীর্ঘ উ-কার যত্নে দেবে **শূল, সূরী** আর **শূন্যে** ।

দূর কিন্তু **দুরাত্মা**	ভূত কিন্তু ভুক্ত	শূন্য কিন্তু পুণ্য
দূর্বা কিন্তু ***দুর্গা***	**ভূগোল** কিন্তু ভুজ	

১· ঊর্ণনাভ, উহ্য-ও হয় ।
২· **অন্তর্ভূত**

গোড়ায় দীর্ঘ ঊ-কার

৮

কূপ কূট কূল[১] মূল দূত দূর তূর্য,
ভূত ভূরি[২] স্থূল ভূমি ভূমিকা ও সূর্য ;
পূরণ তূণীর তূণ,
নূতন নূপুর ন্যূন,
ধূলি ধূপ রূঢ় ব্যূঢ় ধূসর কী মূর্তি,
পূজা পূত চূর্ণতে, চূড়ান্ত স্ফূর্তি ।
জূট, যূপ, চূত[৩], রূপে
শূন্য, ব্যূহ ও স্তূপে[৪]
শূদ্র, মূর্ছা, মূঢ়, মূর্খ ও মূল্যে ।
দীর্ঘ ঊ-কার দিতে চলবে না ভুললে ।
পূর্ণ পূর্ব চূড়া দূর্বা ও পূর্ত-য়
সূত্র ও সূচনাতে, সূত, লূতা[৫], ধূর্তয়,
সূক্ষ্মে শূর্পে[৬] আর মূর্ধা ধূম্রে ভাই
ভূষণে দূষণে তিনি কাড়েন ঘুম রে ভাই ।
সূদনে দীর্ঘ ঊ, মধুসূদনে যেমন,
কূজনে পূষনে[৭] তিনি—এ বানানে দেবে মন ॥



পূজা

আরও ক-টি

মূর্ছনা

মূর্ধন্য

১· কূল—নদীর তীর, কিন্তু কুল—বংশ । তাই ***কুলীন*** হবে, (কূলীন ভুল)
২· ভূরি—প্রচুর, যেমন 'ভূরি-পরিমাণ'
৩· চূত—আম
৪· **স্তূপ**—দীর্ঘ ঊ-কার, কিন্তু **স্তুতি**—হ্রস্ব উ-কার
৫· লূতা—মাকড়সার জালের সুতো
৬· শূর্প—কুলো, তাই শূর্পণখা=যার কুলোর মতো নখ ।
৭· পূষন্—সূর্য

মাঝখানে দীর্ঘ ঊ-কার

৮



ময়ূর

ময়ূর, মুমূর্ষু, আরূঢ়, কটূক্তি
মাঝখানে দীর্ঘ ঊ পেয়েছে যে চুক্তি,
প্রভূত বিভূতি আর **শুশ্রূষা কর্পূর**
মণ্ডূক, মুহূর্ত, গণ্ডূষ, সিন্দূর,
কিম্ভূতে বিদ্রূপে আহূতে সে **মূর্ত** ।
অসূয়া কৌতূহলে তারই **শুনি সুর** তো ।
জীমূতে সে, **বিদূষকে, তাম্বূলে, শার্দূলে,**
সমূহে যেয়ো না বাছা দীর্ঘ ঊ-কার ভুলে ॥

অসূয়া	বিভূতি	***তাম্বূল***	বিসূচিকা	বিদূরণ
কটূক্তি	***শুশ্রূষা***	শার্দূল		আহূত
প্রভূত (কিন্তু প্রভু)	গণ্ডূষ	জীমূত		(=আমন্ত্রিত)
ময়ূর,	সিন্দূর	***সমূহ***	(কিন্তু **আহুতি**=হোম,	
মুহূর্ত	বিদ্রূপ		হোমের জিনিসপত্র;	
মরূদ্যান		***কৌতূহল***	**আহূতি**=আমন্ত্রণ, আহ্বান)	

খেয়াল রাখো

প্রভূত, কিন্তু **প্রভু**
বিভূতি, কিন্তু বিভু (ঈশ্বর)
কিম্ভূত, কিন্তু **অদ্ভুত**

আরও দীর্ঘ ঊ-কার হ্রস্ব উ-কারের গণ্ডগোল

স্বয়ম্ভূ আর **বধূ**-র নিচে দীর্ঘ ঊ বসিয়ে,
বঁধু এবং **শম্ভু** লেখো হ্রস্ব উ-কার দিয়ে ।

বধূ কিন্তু **বঁধু** (=প্রিয়)
স্বয়ম্ভূ কিন্তু **শম্ভু**

ও-কার

ো

ও-কার দিয়ো এই ক-খানা শব্দে, রেখো খেয়াল ঠিক
পুরোহিত ও **পৌরোহিত্য, গোলোক**[১] এবং **ভৌগোলিক**।
পৌরসভায় নেই সে, আছে **মনোযোগ**-এ ন-এর গায়,
বন্দ্যোপাধ্যায়, অকুতোভয়—দুই জনাতেই ও-কার চায়।
সদ্যোজাত ততোধিক-এ, **তিলোত্তমায়** ও-কার লিখে
ফেলছে যারা, দেখো তাদের যশ ছড়াবে চতুর্দিকে।

লক্ষ করো :

গোলোক=বৈকুণ্ঠ, বিষ্ণুলোক ;
কিন্তু গোলক (মাঝখানে ও-কার নেই) = গোল বস্তু, গোলা, (বল-Ball)

পুরোহিত (কিন্তু 'পুরসভা')
মনোবল
মনোবাঞ্ছা কিন্তু **মনসিজ**
মনোবাসনা **মনস্তত্ত্ব**
মনোযোগ
মনোরম
মনোরোগ




পুরোহিত

কোথায় ঙ হবে, কোথায় ঙ্গ

ঙ

শুধু ঙ (= উঙো) হবে

বাঙালি[১] কাঙাল রাঙা
ঢঙি ঢ্যাঙা, ভাঙা[২] ডাঙা
রঙিনে স্যাঙাৎ-এ দাও
শুধু ঙ ওহে ভাই,
ডিঙি ডোঙা ঠোঙাতেও
ঙ-গ-এ নহে ভাই।



ডিঙিতে ঢ্যাঙা লোক

১· 'বাঙালী' পুরানো কিন্তু গৃহীত বিকল্প বানান।
২· ভেঙ্গে, ভেঙ্গেছে নয়, **ভেঙে, ভেঙেছে** লিখো।

ঙ-এর সঙ্গে গ (ঙ্গ)

ঙ+গ=ঙ্গ

কথাটায় দিন কান গো,
শুধু ঙ নয়,
ঙ আর গ-য়
যুক্তাক্ষর লাগাতেই হয়
এসব বানানে—**রঙ্গন**, আর
টাঙ্গা, সাঙ্গোপাঙ্গ।
ডেঙ্গু, পঙ্গু, হাঙ্গামা আর,
ব্যাঙ্গমা, সাথে **ব্যাঙ্গমি** তার,
কঙ্গো, জঙ্গি ক্যাঙ্গারুতেও
ঙ-য় গ লাগান গো।



ক্যাঙ্গারু

কোথায় ঙ, কোথায় অনুস্বার হবে

ঙ বসাও, অনুস্বার নয়

দিস নে অনুস্বার, ঙ থাক সঙ্গে,
অঙ্গ ও বঙ্গে, গঙ্গা, তরঙ্গে ;
ইঙ্গিত, ব্যঙ্গ, ভৃঙ্গ ও রঙ্গে ।
জঙ্গল, জঙ্গম, ভঙ্গুর, রঙ্গন,
জঙ্ঘা, সঙ্ঘ আর **ভঙ্গি ও লঙ্ঘন,**
ঙ দিয়ে আরো লেখো **অঙ্কুর, অঙ্গন ।**

অঙ্ক, আতঙ্ক, শঙ্খ ও শঙ্কায়
পঙ্কজ পঙ্‌ক্তি ও বঙ্কিম লঙ্কায়
যে দেয় অনুস্বার, লোকে তাকে ধমকায় ।

সঙ্গী স্ফুলিঙ্গ অঙ্ক আতঙ্ক ইত্যাদি বানানে অনুস্বার দিলে ভুল হবে ।
এই ভুল অনেকেই করছে । তুমিও করবে কি ?

সঙ্ঘ সংঘ হিসেবেও লিখতে পার ।



অনুস্বার দিতে পারো ং

('ঠাকুর, থাকবে কতক্ষণ'-এর ছন্দে)

অহংকার, অলংকার
বসে মধ্যে অনুস্বার ।
সংবাদে সে, **সংগীতে** সে,
সংশয়ে সে, **সংবিতে** সে,
সংহারে সে, **সংহিতা**-তে
তারই যে চিৎকার ।
অনুস্বার ! অনুস্বার !
সংজ্ঞায়-য়, **সংবর্ধনা**, আর[১]
ঝংকার, টংকার
মাঝে বসাও অনুস্বার ।

শুভংকর, ভয়ংকর
দীপংকর প্রলয়ংকর[২],
সংকীর্ণে, **সংকেতে** সে,
সংক্ষেপে সে, **সংবেদে** সে,
সংখ্যাতে ও **সংঘাতে** সে,
দিচ্ছে তো ফুৎকার ।
অনুস্বার ! অনুস্বার !
সংবিধানে, **সংশোধনে**,
সংকলনে, **সংক্রমণে**,
সংগ্রহ আর **সংগ্রহণে**
আছেন অনুস্বার—
এবং তারই তো **সংসার** ।
অনুস্বার ! অনুস্বার !

এসব বানানে ক খ গ ঘ যেখানে পরে আছে সেখানে ঙ দেওয়া চলে, তবে অনুস্বারও চলে ।

১· ছন্দ পড়ো—
সংজ্ঞায় সং/বর্ধনা আর
২· দীপং/কর প্রলয়ং/কর

বানান/উচ্চারণ : ড়-র

ড়-র

বই **পড়ে** চোখ গেল, **পরে** নাও জামা,
বেড়াতে বেরোই চল **গবুড়ের** মামা ।
এত **জোরে** হাঁটে ? আরে, **জোড়ে** দেখি দৌড়,
গৌরের পিছু পিছু যাবি কি রে **গৌড়** ?
রোদে **পুড়ে** যায় পিঠ, তাই বোতলেতে,
বরফের জল **পুরে** চলো খেতে খেতে ।
ঢালু হয়ে **পাড়** নামে নদীটির **পারে**,
মড়া দেখে আধ**মরা** শ্মশানের ধারে ।
কড়াকড়ি করা হলে কাজ যাবে ফেঁসে রে,
পারি যদি **পাড়ি** দেব বহুদূর দেশে রে ।
ঘরে চলো **ঘড়া** ভরে, পড়ে আসে বেলা,
নইলে তো ড়-এ র-এ বাধাবে ঝামেলা ।



ঘরে চলো ঘড়া ভরে

ণত্ব বিধি : কোথায় মূর্ধন্য ণ হবে

ণ

১

কথার মধ্যে আগে যদি পাও
ঋ এবং র, মূর্ধন্য ষ,[১]
পরে 'ন' থাকলে—মূর্ধন্য ণ[২]
লিখে তুমি বাছা চুপ করে বোসো ।

ঠিক পরে থাকলে নির্ঘাৎ মূর্ধন্য ণ হবে

ঋ/ঋ-ফলার পরে		*রেফ-এর পরে*	*ষ-এর পরে*
ঋণ	তৃণ	অর্ণব	কৃষ্ণ (এসব ভুল করার কোনো উপায় নেই)
ঋণী	ঘৃণা	কীর্ণ	
	মসৃণ	জীর্ণ	জিষ্ণু
	মৃণাল	দীর্ণ	বিষ্ণু
		নির্ণয়	ইত্যাদি

খবরদার ! খবরদার !

পুনঃ, পুনঃ পুনঃ, পৌনঃপুনিক, পুনর্মিলন, পুনরায়, পুনরুদ্ধার— এসবের ত্রিসীমানায় মূর্ধন্য ণ নেই। 'পুনর্নিবাচিত'-তেও তিনি নেই। দন্ত্য-ন আছেন।

১· ছন্দ : ঋ এবং র/মূর্ধন্ নো- ষ
২· ছন্দ : পরে ন থাক্‌লে/মূর্ধন্ নো ণ

ণত্ব বিধি

২

(মাঝখানে অন্য বর্ণের দেয়াল থাকলে)

এদিকে রইল ও তিন মূর্তি (=ঋ, র, ষ)
ওদিকে দেখছ দন্ত্য-ন খাড়া,
মাঝখানে যদি অন্য বর্ণ
দেয়াল উঁচিয়ে থাকে সে পাহারা,
তবু দন্ত্য-ন মূর্ধন্য-ণ
হবে কোন্‌খানে—কান পেতে শোনো ঃ
যদি মাঝখানে স্বরবর্ণ, বা
ক-বর্গ, প-বর্গের ধ্বনি
অন্তঃস্থ-য়, হ-ও এসে বসে—
মূর্ধন্য-ণ লাগাবে তখনি ।

বর্ণ বিশ্লেষণ করে দ্যাখো—

যেমন প্রাঙ্গণ : প্ + র + আ + ঙ্ + গ্ + অ + ণ্ + অ

	↓	→	→	→	→	↑
		↑	↑	↑	↑	
		স্বর বর্ণ	ক বর্গ	ক বর্গ	স্বর বর্ণ	

মাঝখানে আ, ঙ্, গ্, অ এই চারটে বর্ণের দেওয়াল ছিল । তাদের ডিঙিয়ে র্ ওই ন-কে মূর্ধন্য ণ করে দিচ্ছে । কারণ 'আ' 'অ' স্বরবর্ণ, 'ঙ্' আর 'গ্' ক-বর্গের ধ্বনি । অথচ মূল কথাটা ছিল **অঙ্গন**—তাতে ছিল দন্ত্য-ন ।

'রক্ষণ', 'রামায়ণ' এভাবে বিশ্লেষণ করে দেখো ।

কোথায় মূর্ধন্য-ণ হবে না, দন্ত্য-ন হবে

ন

কিন্তু চ-ট-ত বর্গের ধ্বনি,
ল, তালব্য ও দন্ত্য-স আর,
ড-এ শূন্য ড়, ঢ-এ শূন্য ঢ়—
মধ্যে থাকলে, সেখানে আবার
দন্ত্য-ন-ই সে খাড়া থেকে যায়,
মূর্ধন্য-ণ দেয় না তো উঁকি—
নিয়ম, এবং ব্যতিক্রমের
বিষয়টা বুঝে নাও খোকাখুকি।



ঋ র ষ আর ন-এর মাঝখানে যদি
এগুলির যে-কোনো একটা থাকে,
দন্ত্য-ন মূর্ধন্য-ণ হবে না—

১. চ-বর্গ, ট-বর্গ, ত-বর্গের বর্ণ

২. ল, শ, স

৩. ড়, ঢ়

আর, বিদেশী শব্দ মূর্ধন্য-ণ হবে না।

মডার্ন (দন্ত্য-ন-এর রেফ),
কোরান (দন্ত্য-ন)।

রচনায় দন্ত্য-ন কেন দ্যাখো—

র্ + অ + চ্ + অ + ন্ + আ

↓ → ↓ ↓

চ

আটকে

দিচ্ছে

ণ হওয়া

এই কারণে **রামায়ণ** হবে, কারণ র্ আর ন্-এর মধ্যে স্বরবর্ণ, ম্, য় আছে।

কিন্তু এসব শব্দে দন্ত্য ন—

অয়ন, নয়ন, মূল্যায়ন, দর্শন, শিল্পায়ন। কেন, খুঁজে বার করো।

মূর্ধন্য কথাটাতেও কেন দন্ত্য ন ? বলো তো ? **অর্চনা**-য় ?

সৃজন-এই বা কেন ? **প্রার্থনা**-য় ?



প্রার্থনা

অকারণ মূর্ধন্য-ণ হবে

ণ

কোণ কণিকা কিঙ্কিণী আর
কঙ্কণে মূর্ধন্য-ণ,
কণা, কণাদ, কল্যাণে-ও
লাগাসনে ভাই অন্য ন ।
গণ গণনা গৌণ গুণে
পুণ্য পাণি পণ নিপুণে
শণ শোণিত আর **গণ্য গণিত**
গণক গণেশ বাণ বীণায়,
বেণু বণিক বাণিজ্যে-ও
দন্ত্য ন-কে আনবি না ।
অণু-য় আণবিক অণিমায়[১]
মূর্ধন্য ণ-ই লেগে যায়,
লবণ এবং **লাবণ্যে** আর
চিক্কণে ও **নিক্কণে**
মূর্ধন্য ণ-ই যে আছেন,
লাভ হবে তা শিক্ষণে ।



গণেশ

১· পড়ো : অণুয়, আণ/বিক অণিমায় ।

মনে রেখো : পুণ্য-এ মূর্ধন্য ণ, শূন্য-তে দন্ত্য-ন ।

বিয়ের চিঠির ভুল বানান

তিনটি বানান : ত্রুটি, কন্যা, গোধূলি

বড়লোকের বাড়ির বিয়ে ?
খাওয়াবে খুব ফুলকো লুচি
ভেজে খাঁটি ভঁয়সা ঘিয়ে ?
আসছে জিভে জল ? তবু ভাই,
আমার পরামর্শ শোনো,
যদি ওদের চিঠির মধ্যে
'কন্যা'-তে দেয় মূর্ধন্য ণ,
এবং লেখে **'ত্রুটি'** বানান
মিথ্যে দীর্ঘ ঈ-কার দিয়ে,
পায়ে পড়ি, যাস্‌নে তোরা
খেতে অমন বাড়ির বিয়ে !
নিসনে ওদের মালা গলায়,
ফেলে আসিস নরম গদি,
কেউ **গোধূলির** ধ-এর তলায়
বসায় হ্রস্ব উ-কার যদি ।

কন্যা দন্ত্য-ন ।
ত্রুটি হ্রস্ব ই-কার ।
গোধূলি ধ-এ দীর্ঘ ঊ-কার ।
ধূলি-তেও তাই ।
কিন্তু **ধুলো, ধুলা**-তে
হ্রস্ব উ-কার দাও ।



কোথায় ত হবে, কোথায় খণ্ড ৎ

ত-ৎ

যেখানে খণ্ড ৎ হবে

হঠাৎ জগৎ সৎ অসৎ আর **বৃহৎ মহৎ ভবিষ্যৎ,**
ল্যাজের ওপর দ্যাখো কেমন খণ্ড ৎ ওই **দণ্ডবৎ** ।
বিদ্যুৎ চিৎ[1] **সত্যজিৎ** আর **নচেৎ ক্বচিৎ মৃৎ তড়িৎ**
অকস্মাৎ ও **সাক্ষাৎ**-এ, **হৃৎপিণ্ডে**-ও তার নৃত্যগীত ।
যকৃৎ পশ্চাৎ দৈবাৎ, সংবিৎ-এ রাখ্ খণ্ড ত-য়[2],
নইলে **যাবৎ তাবৎ সরিৎ সনৎ ঈষৎ** পণ্ড হয় ।

আরো মনে রেখো :

সাৎ-ওয়ালা শব্দ	*জিৎ-ওয়ালা শব্দ*
অগ্নিসাৎ	অভিজিৎ
আত্মসাৎ	যুধাজিৎ
ধূলিসাৎ	বিশ্বজিৎ
ভস্মসাৎ	রণজিৎ (কিন্তু রঞ্জিত)
	সত্যজিৎ
	সত্রাজিৎ

কোথায় কোন্ ত লক্ষ করো :

কুৎসিত	কিন্তু	**বঞ্চিত**
উৎপাত		**সঞ্চিত**
কিঞ্চিৎ		**বাঞ্ছিত**
অকিঞ্চিৎকর		

১· খেয়াল রাখো :
চিৎ=চৈতন্য : কিন্তু
চিত=যা চয়ন করা হয়েছে ; উপরের দিকে মুখ করে শুয়ে থাকার অবস্থা ।
২· ছন্দ পড়ো : যকৃৎ পশ্/চাৎ দৈবাৎ

আস্ত ত কোথায় লাগাবে

ত

কিন্তু জেনো 'অখণ্ড' ত বসবে নিচের লিস্টিতে,
খণ্ড ৎ যে দেয় এখানে, পড়বে শনির দৃষ্টিতে।
উচিত ত্বরিত, রঞ্জিত আর রজত অতীত প্রদ্যোতে,
শোণিত, গণিত, রহিত, অসিত, হিত, তড়িত, খদ্যোতে।
ভূত, অদ্ভুত, অচ্যুত আর নিশ্চিতেও পুরোই সে,
কুৎসিতেরও অন্তে বসে ক্লান্ত শরীর জুড়োয় সে।
উপনীত, ভিত আর স্থিত, খুঁত চেয়ে নেয় তাকেই ভাই[১],
স্তম্ভিত আর বঞ্চিত-তে শেষটাতে সে থাকেই ভাই,
প্রণীত প্রস্তুতে আছে, উপস্থিত আর বৃংহিতে[২],
কিন্তুতে যে খণ্ড ৎ দেয়, ঘাড় ধরে তার সিংহীতে।

অতিরিক্ত দু লাইন

রণজিৎ-এ খণ্ড-ৎ, আর রঞ্জিত-তে আস্ত-ত[৩]
দুই ত ফ্যালে খুব বিপদে, ভাই যদিও মাসতুতো।

আরো শব্দ

বিপরীত
সংঘাত   নির্ঘাত

১. ছন্দ পড়ো : উপনীতো/ভিত্ আর স্থিতো/খুঁত্ চেয়ে নেয়
২. ছন্দ পড়ো : প্রণীতো প্রস্/তুতে আছে/উপস্থিত্ আর
৩. ছন্দ পড়ো : রণোজিৎ-এ/খণ্ড-ত আর/রঞ্জিতো-তে/আস্ত ত।

শ-ষ পর পর

শ-ষ

দুই ভাই, তালব্য, মূর্ধন্য ষ,
গুরু বলে, "দুইজনে পাশাপাশি বসো—
শেষে, **নিঃশেষে**, **বিশেষণে** আর **বিশেষে**[১],
ঠাঁই ঠাঁই হয়ে তোরা পস্তাবি কি শেষে ?
শোষকের হাতে পড়ে হবি তোরা **শোষিত**,
শেষ কালে আমাকেই করবি না দোষী তো ?"

শেষ	শ্লেষ	বিশেষ্য
নিঃশেষ		বিশেষণ
		শোষক
		শোষিত

'বিশেষ্যও' এই দলে ।

১· ছন্দ পড়ো : শেষে নিশ্/ শেষে বিশে/যণে আর

শ-স পর পর

শ-স

অগ্রে তালব্য, তার পরে দন্ত্য
শব্দের সংখ্যা সে নয়কো অনন্ত
শস্য, প্রশংসা, নৃশংস, নিশ্বাস,
শাসন আশিস্ আর আশ্বাস বিশ্বাস ।

নৃশংস	শাসক	আশ্বাস
প্রশংসা	প্রশাসন	নিশ্বাস
আশিস্	শস্য	বিশ্বাস

স-শ পর পর

সংশোধনের আগে, নেই তাতে **সংশয়** ।
জায়গা উলটে বসে শ-স-এর বংশ,

সংশয়
সংশোধন

চন্দ্রবিন্দু কোথায় হবে, কোথায় হবে না

বাঁধতে গিয়ে বাছুর বাধায় ঝগড়া হবুচন্দ্র
কাদায় ফেলে **কাঁদায়** তাকে দুচোখ করে বন্ধ,
জেলখানাতে রয় সে **বাঁধা,**
দেয়ালগুলো মস্ত বাধা,
জানলা দিয়ে লাফিয়ে পড়ে চোখ হল তার অন্ধ ।
হাসপাতালে **হাঁস** খেতে সে পাচ্ছে নাকে গন্ধ ।

লক্ষ করো :

যুদ্ধ বাধে, বাধায়	বাঁধা=বন্ধন
বাছুর বাঁধে	বাধা=ব্যাঘাত



*বাছুর **বাঁধা** নিয়ে ঝগড়া*

যুক্তব্যঞ্জন আলাদা করে

ক্ক-ক্ব

ক্ক আর ক্ব

কোথা হবে ক-য়ে ক-য়ে,—দরকার শিক্ষার—
পাক্কা, ঢক্কা আর **ধাক্কা ও ধিক্কার,**
হিক্কা ও আক্কেল, মক্কেল, চক্কর,
ঝক্কি, অক্কা ধূম- ধাড়াক্কা, টক্কর
আরো আছে দু-চারিটি করো সেটা লক্ষ—
প্রাক্কাল, ন্যক্কার, লক্কর, তক্কো ।
সৃক্কণী, চিক্কণ, লক্কা ও খোক্কস ।
—এই সব মনে রেখে মেজাজটা হোক খোশ ।

কিন্তু—
ক-এর সঙ্গে ব হবে ভাই **ক্বচিৎ, ক্বাথ** ও **পক্ব**-তে
নিক্বণে,—তা অষ্টপ্রহর রাখবে গেঁথে বক্ষতে ।

পাক্কা, কিন্তু *পক্ব, ক্বচিৎ, নিক্বণ ।*



ধাক্কা

ঙ্খ বনাম ঙ্ক্ষ

খ-ক্ষ

শঙ্খ ও **শৃঙ্খলে** ঙ[1] আর খ-য়,
পুঙ্খানুপুঙ্খও লেখো বার কয় ।
কিন্তু **আকাঙ্ক্ষাতে** দ্যাখো ওই ক্ষ[2]
ঠিক জায়গায় ঠিক বর্ণ বসিয়ো ।

শঙ্খ	আকাঙ্ক্ষা
শৃঙ্খল	আকাঙ্ক্ষিত
শৃঙ্খলা	হিতাকাঙ্ক্ষী

১· পড়ো 'উঙো'
২· পড়ো 'ক্ষিয়' ।

ক্ষ বনাম ক্ষ্ম

ক্ষ-ক্ষ্ম

কোথায় অতিরিক্ত ম-ফলা দিতে হবে

দুই ভাইবোন ছিল **লক্ষ্মী** ও **লক্ষ্মণ**—
ম-ফলা ছাড়াই নাম লেখে সর্বক্ষণ ।
সেই পাপে **সূক্ষ্ম** সে রোগ ধরে **যক্ষ্মা**,
ম-ফলাটি জুড়ে দিয়ে তবে পায় রক্ষা ॥

ম-ফলা দিয়ো না	*ম-ফলা দাও*
লক্ষণ (চিহ্ন)	লক্ষ্মণ ('রামের ভাই')
যক্ষ	যক্ষ্মা
পক্ষ (পাখা, দিক)	পক্ষ্ম (চোখের পাতা)



লক্ষ্মণ খুব লক্ষ্মী ছেলে

অনেকের জানা নেই,
জ-এ জ-এ ব-ফলা সে একখানা বানানেই,
সেই **উজ্জ্বল** হয় বেশি করে **প্রোজ্জ্বল,**
প্রজ্বলিত-তে ফের জ-এ ব-এ সম্বল।

আর,
ব-ফলাকে ফেলে দেয়, দুটি জ-কে ডেকে নেয়,
তজ্জন্য এবং **সজ্জন, কজ্জল**।

উজ্জ্বল=উৎ+জ্বল > উদ্+জ্বল
প্রোজ্জ্বল=প্র+উজ্জ্বল

জ্বলন	**কজ্জল**	**লজ্জিত**
জ্বালা	**তজ্জন্য**	**সজ্জন**
প্রজ্বলিত	**নিমজ্জিত**	**সজ্জা**
	লজ্জা	**সজ্জিত**

ম্ম হবে, ন্ম হবে না

ম্ম

ভুল করে **'সম্মান'**-কে
বলছে মুখে 'সন্মান',
এই পাপে সে কষ্ট পাবে,
হবে না তার ধন-মান।
'ন' ছাড়া হয় **সম্মতি** আর
সম্মেলন ও **সম্মুখ,**
'ন' দিয়ে যে লিখবে এসব
পাবে সে বিষম দুখ।


কথাটা **সম্মান,** সন্মান নয়।
উচ্চারণ ভুল কোরো না।
সম্মান, কিন্তু সন্মার্গ তন্ময়।



সম্মানিত নেতার সম্মেলনে বক্তৃতা

বাড়তি য-ফলা

উচ্চারণে পাইনে খুঁজে,
রয় তবু সে ঘাড়টি গুঁজে
বানানের বিচিত্র প্রথায়,
মধ্যে, শেষে অনেক কথায়—



অসংখ্য মৎস্য

বন্ধ্যা, সন্ধ্যা আর **বিন্ধ্য** ও **সান্ধ্য,**
আছে **কিষ্কিন্ধ্যায়,** কী **অগ্নিমান্দ্য,**
সাংখ্য, অসংখ্য, বাৎস্য ও **মৎস্য**[১]—
য-ফলাটি শেষে আছে, দেখে নাও বৎস।
য-ফলা না-দিয়ে লিখে **জ্যৈষ্ঠ** ও **জ্যেষ্ঠ**—
ইস্কুলে নাকালের হবে একশেষ তো।
অনিন্দ্য[২] **অচিন্ত্য, দারিদ্র্য, ভক্ষ্য**
গার্হস্থ্য-য় জেনো নয় সে **অলক্ষ্য,**
কাংস্যে য-ফলা দাও, **দন্ত্যে**[৩] **মাহাত্ম্যে**
উত্ত্যক্তের মাঝে, শেষে **দৌরাত্ম্যে**।
যদি **বৈচিত্র্য**-য়, যদি **বৈশিষ্ট্যে**
য-ফলা না দাও, তবে তাল পড়ে পৃষ্ঠে।
উচ্চারণে সে নেই, তবু জেনো সত্যি,—
তাকে ঘরে ঠাঁই দেয় **ব্যূহ, ব্যুৎপত্তি**।
দ্যাখো **বৈদগ্ধ্য** রে, দ্যাখো **নৈঃশব্দ্য,**
য-ফলার কাছে যেন হয়ো নাকো জব্দ।
লেখে যদি **সন্ন্যাসী, বন্দ্য-উপাধ্যায়**[৪],
কেউ যেন মাঝখানে য-ফলা না বাদ দেয়।
লেখো তাকে হেসে খেলে চাও যদি বাঁচতে,
শেষে **পাশ্চাত্যের মর্ত্যের স্বাস্থ্যে**।

(ও পিঠে আরও দ্যাখো)

১· **মৎস্যে** য-ফলা আছে, কিন্তু **বৎস**-তে নেই।

২· অনিন্দ্য অচিন্ত্য লক্ষ্য-তে য-ফলা আছে, কিন্তু **অনিন্দনীয়, অচিন্তনীয়, লক্ষণীয়**-তে য-ফলা নেই। এটা খুব ভালো করে মনে রাখো।

৩· দন্ত্য মানে দাঁতের (বা দন্তের) সঙ্গে সম্পর্কিত। যেমন দন্ত্য স।

৪· বন্দ্যোপাধ্যায়। ছন্দ পড়ো : লেখে যদি/সন্ন্যাসী/বন্দ্য-উ/পাধ্যায়।

আরো শব্দ

লক্ষ্য যখন লক্ষ্যবস্তু বা
দর্শনীয় বোঝায় তখন
য-ফলা হবে।
'লক্ষ করা' লিখতে
আজকাল য-ফলা
না দিলেও চলে।
কিন্তু 'এই আমার লক্ষ্য'—
সেখানে য-ফলা হবে।

স্বস্ত্যয়ন
অগ্ন্যুৎপাত
ত্র্যম্বক
ন্যূন
শুদ্ধ্যশুদ্ধি

বাড়তি ব-ফলা

চুপচাপ ব-ফলাটি বসে আছে ওই তো—
দ্বার, দ্বারা, দ্বিতীয়-তে **দ্বিধা, দ্বয়, দ্বৈত**।
জ্বর, জ্বালা, উজ্জ্বলে জ্বল্‌জ্বল্ করে সে,
ত্বক, ক্বাথ, উর্ধ্বে-তে, **স্বপ্ন** ও **স্বরে** সে,
স্বয়ং, স্বয়ম্ভূতে দন্ত্য-স্‌স-এ ব-য়,
***সান্ত্বনা*, ইক্ষ্বাকু**, তলাতে ব ভয়ে রয়।



***উর্ধ্বে উজ্জ্বল** চাঁদ*

উর্ধ্ব বানানে দীর্ঘ ঊ, ধ-এ ব-ফলা—দুইই লিখতে হবে।

ত্ত-ত্ব-ত্ত্ব

এখন ত্ব

শুধু ত-এ ব-ফলাতে আছে বহু কথা রে,
ঠিক ঠিক লিখতে না-কোরো অন্যথা রে ।[১]
'স্বত্ব' 'জড়ত্বে' ব-র ঘাড়ে একা 'ত',
মন দিয়ে এ বানান সব চাই শেখা তো !
'ত্ব' কেবল জুড়ে যাও 'বন্ধু'- ও 'সতী'-তে[২]
প্রত্যুৎপন্নের পরেকার 'মতি'-তে ;
পশু-, শিশু- মনুষ্যে, প্রভু-তে ও দাস-এ সে—
লঘু-, গুরু-, শিষ্য-তে বসে এসে পাশে সে ।
আমি-, স্বামী-[৩], দেব-, দূর-, পিতৃ- ও মাতৃ-[৪]
কৃতি- কর্তৃ-র পাশে ত্ব-ই সহযাত্রী ।



মাতৃত্ব

১· ছন্দ পড়ো : ঠিক ঠিক/লিখতে না/ কোরো অন্/নথা রে

২· -ত্ব জুড়ে শব্দগুলি তৈরি করো—

বন্ধুত্ব, সতীত্ব, প্রত্যুৎপন্নমতিত্ব, পশুত্ব, শিশুত্ব

মনুষ্যত্ব, প্রভুত্ব, দাসত্ব, লঘুত্ব, গুরুত্ব, শিষ্যত্ব, আমিত্ব ।

দেবত্ব, দূরত্ব, পিতৃত্ব, মাতৃত্ব, কৃতিত্ব, কর্তৃত্ব, দায়িত্ব, পটুত্ব ইত্যাদি ।

৩· **স্বামিত্ব** (ত্ব লাগালে হ্রস্ব-ইকার হবে ।)

৪· পিতৃ ও মাতৃ একটু টেনে পি-তৃ, মা-তৃ পড়ো ছন্দের জন্য ।

ত্ত্ব (ত-এ ত-এ ব-ফলা)

সত্ত্ব, তত্ত্ব, আর এ জুড়ে যা শব্দ[১]—
ত-এ ত-এ ব-ফলা না দিলে হবে জব্দ।
সাত্ত্বিক, তাত্ত্বিক, মহত্ত্ব—এ দলের,
এ বানান শিখে রাখা বিধেয় তো সকলের।
শুধু ত-এ ব-ফলার আসলে সে প্রত্যয়,
সন্ধিতে হয়ে যায় দ্বিগুণিত ত-এ ত-য়[২]।

১· অর্থাৎ যে সব শব্দের শেষে সত্ত্ব তত্ত্ব আছে, যেমন, **আমসত্ত্ব, শুদ্ধসত্ত্ব, নৃতত্ত্ব, মনস্তত্ত্ব, সংখ্যাতত্ত্ব, পুরাতত্ত্ব, অন্তঃসত্ত্বা** ইত্যাদি।

২· ত্+ত্ব মিলে ত্ত্ব হয়, অর্থাৎ সৎ+ত্ব=সত্ত্ব, তৎ+ত্ব=তত্ত্ব, মহৎ+ত্ব=মহত্ত্ব, বৃহৎ+ত্ব=বৃহত্ত্ব।

শুধু ত্ত

এই সব বানানের ভাই যেন সতাতো—
ব-ফলাকে দূরে রাখে সেই ক-টি কথা তো।
সেই দলে বসে আছে **সত্তা** ও **মত্ত**,
বুদ্ধিমত্তা, গুণবত্তা, আয়ত্ত[১]।
চিত্ত, কৃত্তিবাসে দাও যদি ব-ফলা,
শেখা সব বিদ্যা সে হয়ে যাবে অফলা ॥

১· ছন্দ পড়ো : বুদ্ধিমত্তা গুণ-/বত্তা আয় ত্ত।

ত-এ য-ফলা

য-ফলা ওই ত-এর সঙ্গে জুড়েছে গিয়ে
নৃত্যে,
নিত্য এবং ভৃত্যে,
কৃত্যে পৌরোহিত্যে
মর্ত্য ও সাহিত্যে।
অন্য কিছু লিখলে তোমার লিখতে শেখাই
মিথ্যে।



ব-ফলা বিষয়ে আরও

ব-ফলা নেই গোড়ায় বাপু,
সরস্বতী, শাশ্বত-তে ;
স্বচ্ছে তাকে লাগাও, তবে
সচ্ছলে নয় কোনো মতেই।
উচ্ছ্বাসে চ-ছ-এর নীচে,
উচ্ছলে সে হাজির নেই।
বাহবা পায় সেই বাহাদুর
জানে এসব বানান যে-ই।

সরস্বতী পূজায়
উচ্ছল উচ্ছ্বাস

কোথায় ব-ফলা আছে		*ব-ফলা নেই*
লক্ষ করো		
সরস্বতী	স্বচ্ছ	উচ্ছল
শাশ্বত		সচ্ছল
উচ্ছ্বাস		

স্ক না ষ্ক ?

দন্ত্য-স কি মূর্ধন্য-ষ বসবে ক-এর ঘাড়ে
নিয়ম কি কেউ বলতে পারো ? চেঁচিয়ে ? চুপিসাড়ে ?
আগের বর্ণে ই-কার উ-কার দেখতে পেলে চোখে,
পরের যুক্ত অক্ষরে দাও মূর্ধন্য র্ষ-কে।
মূর্ধন্য ষ-এ ক-এ **নিষ্কৃতি দুষ্কৃতি**[১],
সংস্কৃতে সে দন্ত্য-স ফের, বোঝো পরিস্থিতি।

দ্যাখো কেমন দন্ত্য-সটি আছেন যে **তস্করে,**
ভাস্করে সে, **যাস্ক**-তে সে, কিংবা **শ্রেয়স্করে**।
পুরস্কারে তিরস্কারে আছেন যে দন্ত্য-স,
কারণ আগের বর্ণে আছেন আ-কার কিংবা অ।

কিন্তু দ্যাখো, **দুষ্কর, পুষ্কর** কী **পরিষ্কার**[২],
নিষ্কর ও **আবিষ্কারে,** কিংবা **বহিষ্কার,**
শুষ্ক এবং **কনিষ্ক**-তেও মূর্ধন্য ষ-ই—
কারণ এদের আগে আছে হ্রস্ব-উ, হ্রস্ব-ই।

তফাত রাখো

পুরস্কার	**পরিষ্কার**
ভাস্কর	**দুষ্কর**
সংস্কৃতি	**নিষ্কৃতি**

১· ছন্দ পড়ো : মূর্ধন্য/ষ-এ ক-এ/নিষ্ কৃতি দুষ্/কৃতি
২· ছন্দ : কিন্তু দ্যাখো/দুষ্কর-পুষ্/কর কী পরিষ্/কার

'স্কর' না 'কর' ?

তস্কর আর **তেজস্করের** কাণ্ড দেখে
মুখ হাঁ করে—
স্ক-টি যেন বসাস নে ভাই
হাস্যকর আর **লজ্জাকর**-এ ।

কথাদুটো 'হাস্যস্কর' আর 'লজ্জাস্কর' নয়, হাস্যকর, লজ্জাকর ।

ষ্ট-ষ্ঠ


হৃষ্টপুষ্ট মুষ্টিযোদ্ধা

কষ্ট, নষ্ট আর **মিষ্ট** ও **মুষ্টি,**
ইষ্ট অনিষ্ট, কী **তুষ্টি** ও **পুষ্টি,**
হৃষ্টপুষ্ট আর **শিষ্ট** ও **দৃষ্ট,**
সৃষ্টি ও **কৃষ্টি,** কী **স্পষ্ট** ও **ধৃষ্ট**
মূর্ধন্য ষ ট-এ এই সব কথা হয়[১],
ঠ লাগালে শাস্তিতে ঘাড়ে-পিঠে ব্যথা হয় ।

ষ[২]-এ ঠ-এ জুড়ে লেখা **কাষ্ঠ** ও **কোষ্ঠী,**
পৃষ্ঠ পৃষ্ঠা আর **গরিষ্ঠ গোষ্ঠী,**
সুষ্ঠু অনুষ্ঠান, নিষ্ঠা কনিষ্ঠ,
শ্রেষ্ঠ প্রতিষ্ঠা ও **গোষ্ঠ ঘনিষ্ঠ**
জ্যৈষ্ঠ পাপিষ্ঠ, সে যা বলুক অপরে,
সম্মুখে মূর্ধন্য-ষ দাও, ঠ-পরে[৩] ।

ষ্ঠ দেবে সুষ্ঠু কনিষ্ঠ ঘনিষ্ঠ পাপিষ্ঠ

---

১. ছন্দ : মূর্ধন্/ন-ষ ট-এ/এই সব/কথা হয় ।
২. 'মূর্ধন্য ষ' না প'ড়ে শুধু ষ (শ) পড়ো ।
৩. ছন্দ : সম্মুখে/মূর্ধন/ন-ষ দাও/ঠ পরে ।


স্প-স্ফ-ষ্প

বানানের বিষয়েতে যারা খুব সর্দার,
জানে কোন্ স-এ প-এ **আস্পদ, স্পর্ধার** ।
ফ-এ শুধু দন্ত্য-স একা এসে জুড়ে যায়,
অন্য স তার থেকে ঘেন্নায় দূরে যায় ।
স্ফুরণ বিস্ফোরণ স্ফুট আর **স্ফূর্তি**
দন্ত্য-স ফয়ে মিলে যুগল সে মূর্তি ।
স্ফীত, বিস্ফারিত কী দ্যাখো **প্রস্ফুটিত**[১],
ফ-র ঘাড়ে দন্ত্য-স বসে গুটি গুটি তো ।
কিন্তু
পুষ্প ও গোষ্পদে, বাষ্প ও শষ্পে,
প'র ঘাড়ে মূর্ধন্য-ষ[২] গিয়ে বসবে ।
চতুষ্পদেও তিনি, আর **নিষ্পন্নে**
অস্থির কেন হও বানানের জন্যে ?

নিঃস্পন্দ
নিস্পৃহ স্পৃহা
বৃহস্পতি



স্ফীত *চোখে* ***বিস্ফোরণ*** *দেখছে*



চতুষ্পদ পুষ্প *ধ্বংসে উদ্যত*

১· ছন্দ পড়ো : স্ফীত বিস্/ফারিত কী/দ্যাখো প্রস্/ফুটিত
২· ছন্দ পড়ো : প'র ঘাড়ে/মূর্ধন্/ন-ষ গিয়ে/বসবে

ষ্ম, স্ম, শ্ম

মূর্ধন্য ষ ম-এর ঘাড়ে **গ্রীষ্মকালে উষ্মাভরে**

ভীষ্ম তাকে বহন করে।

দন্ত্য-স আর ম-এর জুড়ি **ভস্ম** এবং **বিস্ময়ে** সে,

স্মিত স্মৃতি স্মরণ করে রাখেন তাকে মাথার কেশে।

রশ্মি এবং **জীবাশ্ম**-তে ম-এর ঘাড়ে তালব্য-শ ;

—এসব বানান মাথায় রেখে মাতৃভাষা লিখতে বোসো ॥

উষ্মা	স্মরণ	রশ্মি
গ্রীষ্ম	স্মিত	জীবাশ্ম
ভীষ্ম	স্মৃতি	

স্ত-স্থ

দন্ত স-এর সঙ্গে ওটা ত হবে কি থ হবে,

সে ব্যাপারটি মাথায় ঢুকলে দারুণ আনন্দ হবে।

পাকিস্তানে ত দিবিরে, দিস ত **আফগানিস্তানে**,

প্রশস্ত দুরন্ত-তে ত—ঢুকিয়ে সেটা নিস কানে।

কিন্তু

মুখস্থ-তে থ বসাবি, **গৃহস্থ**-তেও আছেন থ,

প্রস্থানে থ, কিন্তু দ্যাখো, **গ্রস্তে**-তে ফের নাচেন ত ॥

মস্তান	রাহুগ্রস্ত	স্থান
পাকিস্তান	চিন্তাগ্রস্ত	রাজস্থান
আফগানিস্তান	**দুর্দশাগ্রস্ত**	**গৃহস্থ**
আশ্বস্ত	সাব্যস্ত	**মুখস্থ**
প্রশস্ত		অবস্থা
দুরস্ত		
বিশ্বস্ত		

হ্ন আর হ্ন


হ-এ মূর্ধন্য-ণ
পাবে না তো ঘন ঘন ;
আছে **পূর্বাহ্ণে,**
আর **অপরাহ্ণে** ;
বড় জোর আরো দুটি—
প্রাহ্ণে, পরাহ্ণে ।

প্রাহ্ণ
পূর্বাহ্ণ
পরাহ্ণ
অপরাহ্ণ

হ-এ দন্ত্য ন-এ

খুঁজে সব গ্রন্থে
হ-এ ন-এ দন্ত্যে,
পাবে **মধ্যাহ্ন**
চিহ্ন সায়াহ্ন
আর পাবে **বহ্নি।**
একেবারে অন্তে—
পাঠকেরা আরো দুটো
বানানের জ্ঞান নিক—
হ-এ দন্ত্য ন জুড়ে
অহ্ন ও আহ্নিক ।

অহ্ন (=দিন)
চিহ্ন
বহ্নি
আহ্নিক
মধ্যাহ্ন
সায়াহ্ন



মধ্যাহ্নে সূর্য বহ্নির মতো

দুই জোড়া যুক্তাক্ষর : সাবধান, সাবধান !

ঞ্জ—জ্ঞ


ঞ এবং বর্গীয় জ,
বর্গীয় জ-য় ঞ—
দুই জনাকে তোমরা বাপু
দুই দিকে বসিয়ো।
যমজ তো নয় এরা, তবু
চেহারা যায় মিশে,
তার ফলে দেন কানেতে হাত
দাদায়, খুড়োয়, পিসেয়।

ঞ্+জ্=ঞ্জ, অঞ্জনা, ব্যঞ্জন, সঞ্জয়
জ্+ঞ=জ্ঞ অজ্ঞ, বিজ্ঞান, সংজ্ঞা

ক্ষ—হ্ম

আর দুজনের কীর্তি শোনো
মন লাগিয়ে তন্ময়—
এমনিধারা তফাত রেখো
ক্ষ[1] এবং হ-য় ম-য়।
দ্রাক্ষা যদি দ্রাহ্মা লেখো
ব্রহ্মা লেখো ব্রক্ষা,
গুরুজনের তিরস্কারের
হাত থেকে নেই রক্ষা।

ক্+ষ=ক্ষ বক্ষ, বৃক্ষ, দ্রাক্ষা
হ্+ম=হ্ম ব্রহ্ম, ব্রাহ্মণ



দ্রাক্ষা

১· পড়ো 'খিয়ো'।